

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৫৬

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ৯. খলিফাগণ সম্পর্কে

بَابٌ فِي الْخُلَفَاءِ

আরবী

حَدَّتْنَا حَفْصُ بْنُ عُمَرَ أَبُو عُمَرَ الضَّرِيرُ، حَدَّتْنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، أَنَّ سَعِيدَ بْنَ إِيَاسِ الْجُرَيْرِيَّ، أَخْبَرَهُمْ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقِ الْعُقَيْلِيِّ، عَنِ الْأَقْرَعِ، مُؤَذِّنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ: بَعَتَنِي عُمَرُ إِلَى الْأُسْقُفِّ، فَدَعَوْتُهُ، فَقَالَ لَهُ عُمرُ؛ وَهَلْ تَجِدُنِي فِي الْكِتَابِ؟ قَالَ: نَعْمْ، قَالَ: كَيْفَ تَجِدُنِي؟ قَالَ: أَجِدُكَ قَرْنًا، فَرَفَعَ عَلَيْهِ الدِّرَّةَ، فَقَالَ: قَرْنٌ مَهْ؟ فَقَالَ: عَرْنٌ مَهْ؟ فَقَالَ: عَرْنٌ مَهُ كَيْفَ تَجِدُ الَّذِي يَجِيءُ مِنْ بَعْدِي؟ فَقَالَ: أَجِدُهُ خَلِيفَةً صَالِحًا عَيْرَ أَنَّهُ يُوثِّرُ قَرَابَتَهُ، قَالَ عُمَرُ: يَرْحَمُ اللَّهُ عُثْمَانَ، ثَلَاثًا، فَقَالَ: يَا دَفْرَاهُ، يَا دَفْرَاهُ، يَا دَفْرَاهُ، فَقَالَ: يَا كَوْرَاهُ، فَقَالَ: يَا مَعْرُ مَمُ اللَّهُ عُمْرُ يَدَهُ عَلَى رَأْسِهِ فَقَالَ: يَا دَفْرَاهُ، يَا دَوْرَاهُ، فَقَالَ: يَا كَوْرَاهُ، فَقَالَ: يَا أَمْيِنَ مُ عُمْرُ اللَّهُ عُمْرُ يَدَهُ عُلَى رَأْسِهِ فَقَالَ: يَا دَفْرَاهُ، يَا دَوْرَاهُ، فَقَالَ: يَا كَوْرَاهُ، فَقَالَ: يَا كَوْرَاهُ، فَقَالَ: يَا فَوْمَنَعَ عُمْرُ يَدَهُ عُلَى رَأْسِهِ فَقَالَ: يَا دَفْرَاهُ، يَا دَوْرَاهُ، فَقَالَ: يَا كَوْرَاهُ، فَقَالَ: يَا لَكُورَاهُ، فَالَ أَبُو دَالِدَّهُ مُسْلُولٌ مُنْ مُهْرَاقٌ، قَالَ أَبُو دَاوُدَ: الدَّقْرُ: النَّذُنُ

ضعيف الإسناد

বাংলা

৪৬৫৬। উমার ইবনুল খাত্তাব (রাঃ)-এর মুয়াযযিন আকরা (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, উমার (রাঃ) আমাকে উশকুফ (খৃষ্টানদের ধর্মগুরুন)-এর নিকট প্রেরণ করলেন। আমি তাকে ডেকে আনলে উমার (রাঃ) তাকে বললেন, তুমি আমার সম্পর্কে কোনো কিছু কিতাবে দেখতে পাও কি? তিনি বললেন, হ্যাঁ। তিনি বললেন, আমাকে কিভাবে পাও। তিনি বললেন, আমি আপনাকে দুর্গ হিসেবে পাই। বর্ণনাকারী বলেন, উমার (রাঃ) তার উপর চাবুক তুলে বললেন, দুর্গ মানে? সে বললো, একটি লৌহ দুর্গ ও কঠোর আস্থাভাজন ব্যক্তি। তিনি বলেন, আমার পরে যিনি আসবেন তাকে তুমি কেমন পাচ্ছো? তিনি বললেন, আমি তাকে পুণ্যবান খলীফাহ হিসেবে পাচ্ছি, তবে তিনি আত্মীয়দের দ্বারা প্রভাবিত হবেন।



উমার (রাঃ) তিনবার বললেন, আল্লাহ উসমানের উপর দয়া করুন। উমার (রাঃ) বললেন, তারপর যিনি আসবেন তাকে কেমন পাচ্ছো? উশকুফ বলেন, তাঁকে লোহার মরিচা হিসেবে পাচ্ছি। বর্ণনাকারী বলেন, তারপর উমার (রাঃ) তার হাত তার মাথায় রেখে বলেন, হে দুর্গন্ধ! ধর্মগুরু বললো, হে আমীরুল মু'মিনীন! তিনি একজন সৎ ও ন্যায়নিষ্ঠ খলীফাহ, কিন্তু যখন তাকে নির্বাচন করা হবে তখন তরবারি কোষমুক্ত অবস্থায় থাকবে এবং হানাহানি চলবে।[1]

সনদ দুর্বল।

English

Narrated Umar ibn al-Khattab:

Al-Aqra', the mu'adhdhin (announcer) of Umar ibn al-Khattab said: Umar sent me to a bishop and I called him.

Umar said to him: Do you find me in the Book? He said: Yes. He asked: How do you find me? He said: I find you (like a) castle. Then he raised a whip to him, saying: What do you mean by castle? He replied: An iron castle and severely trustworthy. He asked: How do you find the one who will come after me? He said: I find him a pious caliph, except that he will prefer his relatives. Umar said: May Allah have mercy on Uthman: He said it three times. He then asked: How do you find the one who will come after him?

He replied: I find him like rusty iron. Umar then put his hand on his head, and said: O filthy! O filthy! He said: Commander of the Faithful! He is a pious caliph, but when he is made caliph, the sword will be unsheathed and blood will be shed.

Abu Dawud said: Al-dafr means filth or evil smell.

ফুটনোট

[1]. আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন